

বন্ধন ব্যাঙ্কের উদ্যোগ

এই সময়: সেনাবাহিনীর সঙ্গে মঙ্গলবার এক মউ সই করেছে বন্ধন ব্যাঙ্ক। এই চুক্তি অনুযায়ী জওয়ানদের স্যালারি অ্যাকাউন্ট বন্ধন ব্যাঙ্কে খোলা হবে। জওয়ানদের মাসিক বেতনের জন্য তৈরি এই অ্যাকাউন্টের নাম 'শৌর্য স্যালারি অ্যাকাউন্ট' রেখেছে দেশের নবীনতম ব্যাঙ্কটি। নয়াদিল্লিতে ভারতীয় সেনাবাহিনীর তরফে লেফটেন্যান্ট জেনারেল নবীন খোসলা এবং বন্ধন ব্যাঙ্কের ম্যানেজিং ডিরেক্টর ও সিইও চন্দ্রশেখর ঘোষ এই মউ চুক্তিতে সই করেন। এই অ্যাকাউন্টের আওতায় সেনাবাহিনীর জওয়ানরা জিরো ব্যালান্সের সুবিধা, ১ লক্ষ টাকার বেশি ব্যালান্সের উপর বার্ষিক ৬ শতাংশ হারে সুদ, যে কোনও ব্যাঙ্কের এটিএমে বন্ধন

ব্যাঙ্কের ডেবিট কার্ড ব্যবহার করে নিখরচায় যতবার খুশি টাকা তোলা, শৌর্য ভিসা প্ল্যাটিনাম ডেবিট কার্ড এবং বার্ষিক কোনও চার্জ না দেওয়ার মতো সুবিধা ভোগ করতে পারবেন। এর পাশাপাশি এনইএফটি/আরটিজিএস/আইএমপিএস/ডিমান্ড ড্রাফ্টের মাধ্যমে কোনও মাসুল ছাড়াই টাকা পাঠাতে পারবেন এবং এর কোনও উর্ধসীমা থাকবে না।

জওয়ানদের পরিবারের আর্থিক সুরক্ষার কথা মাথায় রেখে ৩০ লক্ষ টাকা পর্যন্ত ব্যক্তিগত দুর্ঘটনা বিমা, ১ কোটি টাকা পর্যন্ত বিমান দুর্ঘটনা বিমা এবং অ্যাকাউন্ট মালিকের মৃত্যুতে তাঁর সন্তানের জন্য চার বছর পর্যন্ত বছরে ১ লক্ষ টাকা পর্যন্ত শিক্ষার খরচ জোগানোর ব্যবস্থা রয়েছে।